# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দুই কাপড়ে সালাতে আদায় করার নির্দেশ ঐ ব্যক্তির জন্য যাকে মহান আল্লাহ রিযিকে প্রশস্ততা দান করেছেন, যদিও এক কাপড়ে সালাত আদায় করা সালাত বিশুদ্ধ হওয়ার জন্য যথেষ্ট

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْأَمْرَ بِالصَّلَاةِ فِي ثَوْبَيْنِ إِنَّمَا أُمر لِمَنْ وَسَّع اللَّهُ عَلَيْهِ وَإِنْ كَانَتِ الصَّلَاةُ فِي ثَوْبٍ وَاحِدٍ مُجْزِئَةً

---

আরবী

1711 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا إسماعيل بن عُلَيَّةَ حَدَّثَنَا أَيُّوبُ عَنْ مُحَمَّدٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ:
سَأَلَ رَجُلٌ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُصَلِّي أَحَدُنَا فِي الثَّوْبِ الْوَاحِدِ؟ قَالَ: (إِذَا وَسَّع اللَّهُ عَلَيْكُمْ فَأَوْسِعُوا عَلَى أَنْفُسِكُمْ جَمَعَ رَجُلٌ عَلَيْهِ ثِيَابَهُ صَلَّى رَجُلٌ فِي إِزَارٍ وَرِدَاءٍ فِي إِزَارٍ وَقَمِيصٍ فِي إِزَارٍ وَقَبَاءٍ فِي سَرَاوِيلَ وَقَمِيصٍ فِي سَرَاوِيلَ وَرِدَاءٍ فِي سَرَاوِيلَ وَقَبَاءٍ فِي تُبَّانٍ وَقَمِيصٍ فِي تُبَّانٍ وَقَبَاءٍ) قَالَ: وَأَحْسَبُهُ [قَالَ]: في تبان ورداء.
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1711 | خلاصة حكم المحدث: صحيح.
صحيح؛ بسؤال الرجل فقط، يقط منه جوابه - صلى الله عليه وسلم - إياه كما سقط منه سؤال رجل آخر لعمر فأجابه بقوله: ((إذا وسع الله ... )) إلخ، وسيأتي الصواب برقم (2295) - ((الضعيفة)) (5746).

বাংলা

১৭১১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করেন, “আমাদের কেউ কি এক কাপড়ে সালাত আদায় করতে পারবে?” জবাবে তিনি বলেন, “যখন আল্লাহ তোমাদের উপর প্রশস্ততা দান করবেন, তখন তোমরা নিজেদের ব্যাপারেও প্রশস্ততা

অবলম্বন করবে। সেক্ষেত্রে ব্যক্তি দুই ধরণের কাপড় একত্রে সালাত আদায় করবে; একটি লুঙ্গি ও এক চাদরে অথবা এক লুঙ্গি ও এক জামায়, অথবা এক লুঙ্গি ও এক কাবায়, অথবা এক পাজামা ও এক জামায়, অথবা এক পাজামা ও এক চাদরে, অথবা এক পাজামা ও এক কাবায়, অথবা এক জাঙ্গিয়া ও এক জামায়, অথবা এক জাঙ্গিয়া ও এক কাবায় সালাত আদায় করবে।”

রাবী বলেন, “আমার ধারণা তিনি “এক জাঙ্গিয়া ও এক চাদর” এর কথাও বলেছেন।”[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৩৬৫; দারাকুতনী: ১/২৮২; সহীহ মুসলিম: ৫১৫; আবূ দাউদ: ৬২৫; নাসাঈ: ২/৬৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫১১; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৭০; সহীহ ইবনু খুযাইমাহ: ৮৫৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90927

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন